ভোরের কাগজ

ভোরের কাগজ NOV

তারিখ ...
...... সংখ্যা ...... পৃষ্ঠা ......

# এডুকেশনাল টেলিভিশন ট্রেনিং কোর্স শুরু

ওয়ার্ল্ড ভিউ ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন আয়োজিত ২৪তম এডুকেশনাল টেলিভিশন ট্রেনিং কোর্স ফাউন্ডেশনের নিজস্ব কার্যালয় গত মঙ্গলবার থেকে শুরু হয়েছে। মিডিয়া ক্ষেত্রে দক্ষ জনশক্তি গড়ে তোলাই মূলত এই প্রশিক্ষণের মূল লক্ষ্য। যোগাযোগ প্রতিমন্ত্রী আসাদুল হাবিব দুলু প্রধান অতিথি হিসেবে আনুষ্ঠানিকভাবে এই কোর্সের উদ্বোধন করেন।

এই কোর্সের মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ সর্বশেষ টিভি প্রযুক্তির সঙ্গে পরিচিত হওয়ার পাশাপাশি নিজেকে দক্ষ চিত্র নির্মাতা এবং কারিগরি বিশেষজ্ঞ হিসেবে প্রতিষ্ঠিত করতে পারবেন। নিমল মার্টিনাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রতিষ্ঠানের বিশিষ্ট টিভি ব্যক্তিত্ব মোস্তফা মনোয়ার ও চ্যানেল আই এর ডিরেক্টর শাইখ সিরাজ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি